



হালুম বলে, ঐ যে দেখ নদী।
টুকটুকি বলে, বাহ কী সুন্দর ঢেউ!

ইকরি ও শিকু গান ধরে:

পালতোলা নাও চলে ভেসে
লাফ দেয় মাছ নৌকা ঘেঁষে
শ্যাওলা আর কচুরিপানা
হাঁস প্যাক প্যাক তানাবানা।





হালুম বলে, ঐ যে দেখ বন।
টুকটুকি বলে, বাহ কত বড় বড় গাছ!

ইকরি ও শিকু গান ধরে:

বাঘ সিংহ হরিণ শেয়াল
সবার মনে একটা খেয়াল
মিলেমিশে থাকো বেঁচে
ঘুরে বেড়াও নেচে নেচে।

